চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

২৩ মে ২০১৮ খ্রি.

অপর্ণাচরন সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের ভবন সম্প্রসারন কাজের উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন শিক্ষা বিস্তারের বিষয়গুলোকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ভবন নির্মাণ, ভবন সংস্কার, শিক্ষার গুনগত মান উন্নয়ন করার কর্মকৌশল বাস্তবায়ন করে যাচ্ছে। এ লক্ষ্যে অপর্ণাচরন সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের ১১ তলা বিশিষ্ট নতুন ভবন নির্মিত হচ্ছে। এ ভবনের ৩য় তলার ২ ফ্লোর নির্মাণকাজ ২৩ মে ২০১৮ খ্রি. বুধবার, সকালে ফলক উন্মোচন ও মোনাজাতের মধ্য দিয়ে উদ্বোধন করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব থেকে ১ কোটি ৩৬ লক্ষ ৪০ হাজার ৭ শত ৮৮ টাকা ব্যয় করা হচ্ছে। উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠিত সুধি সমাবেশে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, অত্র শিক্ষা প্রতিষ্ঠানে পুরাতন ভবন ভেঙ্গে নির্মাণাধীন নতুন ভবন আরো সম্প্রসারিত হবে এবং কৃষ্ণ কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের জন্য চলতি বছরে ১টি ৬ তলা ভবন নির্মাণ করা হবে। উভয় বিদ্যালয়ের মাঝখানের স্থাপনা সরিয়ে খেলাধুলার জন্য মাঠ প্রস্তুত করা হবে। এ প্রসঙ্গে মেয়র বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ফ্যাসিলিটি ডিপার্টমেন্টের মাধ্যমে চট্টগ্রাম শহরের নির্বাচিত সাংসদদের সুপারিশক্রমে নতুন ১০ টি ভবন নির্মাণ এবং আরো ১০ টি ভবন সংস্কারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আলোকিত মানুষ গড়ার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন শিক্ষাকে গুরুত্ব দিয়ে কোটি কোটি টাকা বছরে ভর্তূকি দিয়ে যাচ্ছে। তিনি শিক্ষক ও শিক্ষার্থীদের শিক্ষার গুনগত মান উন্নয়নে আরো আন্তরিক হওয়ার পরামর্শ দেন। যাতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর শিক্ষা প্রতিষ্ঠান সমূহের সুনাম ও সুখ্যাতি আরো বৃদ্ধি পায়। সুধি সমাবেশে সভাপতিত্ব করেন অত্র শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির অভিভাবক প্রতিনিধি এ এ এম সাইফুদ্দিন। এতে বিশেষ অতিথি ছিলেন ২২ নং ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ সলিম উল্লাহ বাচ্চু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর নিলু নাগ, ২১ নং ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, তত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, অভিভাবক প্রতিনিধি মো. ওমর আলী

ফয়সাল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন অত্র শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ মিসেস জারেকা বেগম। অনুষ্ঠানে ঠিকাদারি প্রতিষ্ঠানের হাসান মুরাদ, সৈয়দ এরফানুল আলম, সহকারী প্রকৌশলী আফজল মহিউদ্দিন সহ অন্যরা উপস্থিত ছিলেন।

২৩ মে ২০১৮ খ্রি.

বায়তুল আজিজ জামে মসজিদ এর শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার শুভ উদ্বোধনে মাননীয় মেয়র

নগরীর বাগমনিরাম ওয়ার্ডস্থ ব্যাটারীগলি বায়তুল আজিজ জামে মসজিদের ১৮ টনের ৬টি এসি সংযোজন হয়েছে। ২৩ মে ২০১৮ খ্রি. জোহর নামাজের সময় সুইচ অন করে মসজিদে লাগানো এসি' র উদ্বোধন করেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। এসময় তিনি মুসল্লিদের উদ্দেশ্যে বলেন বায়তুল আজিজ জামে মসজিদের ৪র্থ তলা নির্মাণ কাজে সহযোগিতার আশ্বাস দেন। মেয়র বলেন, পবিত্র ইসলাম শান্তি সম্প্রীতির ধর্ম। এ ধর্মে ধর্ম,বর্ণ নির্বিশেষে সকল মানুষের নিরাপত্ত বিধান করা হয়েছে। পবিত্র ধর্ম ইসলাম জঙ্গী ও সন্ত্রাসবাদ সমর্থন করে না। তিনি ধর্মপ্রান সকলকে আল্লাহ ও আল্লাহর রাসুল এর পবিত্র কোরআন ও হাদিসের আলোকে জীবন পরিচালনার আহবান জানান। এসময় স্থানীয় কাউন্সিলর মোহাম্মদ গিয়াস উদ্দিন, মুক্তিযোদ্ধা সৈয়দ আবুল বশর, ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবুল বশর, লালখান বাজার ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক দিদারুল আলম মাসুম, সমাজসেবক সেকান্দর কবির, আকবর সও., শেখ ফরিদ আহমদ, হারুন উর রশিদ, আবদুল জলিল, নিজাম উদ্দিন ও কফিল উদ্দিন সহ অন্যান্য মুসল্লিবৃন্দ উপস্থিত ছিলেন।

২৩ মে ২০১৮ খ্রি.

পোর্ট কানেক্টিং রোড অবৈধ দলখ মুক্ত করতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ২৩ মে ২০১৮ খ্রি. বুধবার, সকালে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে বন্দর থানাধীন পোর্ট কানেক্টিং রোডের ফুটপাত ও রাস্তা অবৈধ ভাবে দখল করে স্তুপকৃত কাঠ, দোকানের মালামাল ও রাস্তার উপর অবৈধভাবে রাখা ট্রাক অপসারণ করে পোর্ট কানেক্টিং রোডের বিমান চত্বর থেকে ব্রীজ পর্যন্ত রাস্তা

ফুটপাত ও নালা অবৈধ দখল মুক্ত করে প্রকৌশল শাখাকে বুঝিয়ে দেয়া হয়। এই সময় উপরোক্ত কারণে খাজা গরীবউল্লাহ এন্টারপ্রাইজকে ৫ হাজার টাকা, মিয়াজান এন্টারপ্রাইজকে ৫ হাজার টাকা, সাবিনা কাঠবিতানকে ৫ হাজার টাকা এবং একই অভিযানে পাঁচলাইশ থানাধীন মির্জারপুল এলাকায় ফুটপাতের উপর অবৈধভাবে দোকানের মালামাল রেখে জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টির দায়ে এস এস ক্রোকারিজকে ১০ হাজার টাকা, হাবিবা এ্যালুমুনিয়ামকে ১০ হাজার টাকা, মিয়াজী এন্টারপ্রাইজকে ৫ হাজার টাকা, ভূঁইয়া ক্রোকারিজকে ৫ হাজার টাকা, জামাল এলুমিনিয়ামকে ১০ হাজার টাকা, মোহাম্মদ সাহাবুদ্দিন ক্রোকারিজকে ৫ হাজার টাকা ও মেসার্স পপুলার ক্রোকারিজকে ৫ হাজার টাক সহ সর্বমোট ৬০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এ সময় সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-১ এর আওতায় মোবাইল কোর্টের উপস্থিতিতে ৬টি বকেয়া ট্রেড লাইসেন্স ও একটি নতুন ট্রেড লাইসেন্স ফি বাবদ তাৎক্ষনিক ৩৮ হাজার ৬ শত ৮৭ টাকা আদায় ও লাইসেন্স ইস্যু করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-১ এর কর কর্মকর্তা, উপ কর কর্মকর্তাগণ, সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

২৩ মে ২০১৮ খ্রি.

২৩নং ওয়ার্ড কাউন্সিলরের ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মাননীয় মেয়র

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, দুঃসময়, দুর্দিন, আপদ-বিপদে যিনি পাশে থাকেন তিনিই প্রকৃত বন্ধু। তিনি বলেন, আল্লাহতায়লা দুনিয়াতে ধনী, দরিদ্র, ছোট-বড় ব্যবধান সৃষ্টি করে মানুষের প্রতি মানুষের মমত্ববোধ, দরদ ও কর্তব্য সম্পর্কে পরীক্ষা দেয়ার সুযোগ সৃষ্টি করে দিয়েছেন। বিত্তবানদের নিকট বিত্তহীনদের অধিকার নির্দিষ্ট করে দিয়েছে সৃষ্টিকর্তা। গরীবের হক ধনীদের উপর রয়েছে। যারা গরীবের হক আদায় করে তারা মহৎপ্রাণ ব্যক্তি। মেয়র বলেন, আজ যারা গরীব তারা আগামীতে যাতে স্বাবলম্বী হতে পারে সেই বিষয়গুলো আমলে নিয়ে গরীবদের সন্তানদের মানুষ করার চেষ্টা করতে হবে। সন্তান সক্ষম হলে দরিদ্র পরিবারের দারিদ্রতা গুছে যায়। তিনি গরীব শ্রেণির সকলকে নিজ নিজ সন্তানদের কর্মীর হাতে পরিণত করার পরামর্শ দেন। ২৩ মে ২০১৮ খ্রি. বুধবার, বিকেলে দীন মোহাম্মদ কনভেনশন হলে রওশন আরা ফাউন্ডেশনের উদ্যোগে ২৩নং উত্তর পাঠানটুলী ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ জাবেদের অর্থায়নে ২৩নং ওয়ার্ডের বাসিন্দা রোজাদার দুঃস্থ প্রায় ১ হাজার ৫ শত পরিবারের মাঝে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মাননীয় মেয়র ও মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন এসব কথা বলেন।

কাউন্সিলর মোহাম্মদ জাবেদের সভাপতিত্বে অনুষ্ঠিত ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে আওয়ামীলীগ ও সমাজসেবকদের মধ্যে দোস্ত মোহাম্মদ, ইদ্রিস কাজেমী, হাজী মো. ইব্রাহিম, আবদুল মান্নান ফেরদৌস, মো. হাসান, হাজী সামসুদ্দিন আহম্মদ, হাজী মোহাম্মদ সেকান্দর মিয়া, মাহফুজুর রহমান, আবদুর শুক্কুর, লায়ন মো. ইব্রাহিম, কাজী আনোয়ার মাষ্টার, হাজী সামশুল হক, গোলাম মোহাম্মদ, মো. কামাল, আবদুল রশিদ লোকমান, মীর আবদুর রহমান, আনোয়ার খান, মাহফুজ সর্দ্দার, আবদুর রাজ্জাক, আবদুর রশিদ, আনোয়ার খান, মনোয়ার আলী রানা, মুস্তাফিজুর রহমান, হারুন সর্দ্দার, নিয়াজ খান, রহিম দাদ খান, আরশাদ হোসেন, রহমত আলী, ওয়াহিদুর রহমান, মহসিন, মো. নিজাম, মো. সুমন, মোহাম্মদ আলীসহ অন্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন রাশেদুল আজিম সোহেল। পরে মেয়র রোজাদার গরীব দুঃস্থদের মাঝে ইফতার সামগ্রী বিতরণ করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন